

ADG

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার (৫ম তলা), আগারগাঁও, ঢাকা

(গবেষণা ও বৃত্তি শাখা)

স্মারক নং-৫৬.০০.০০০০.০২৮.২০.০৪৭.১৫-৮৩৯

তারিখঃ ০৭.০৯.২০১৬ খ্রি.

বিষয়: কল্যাণী কর্মসূচীর লোগো উন্মোচন এবং দেশব্যাপী কল্যাণী কার্যক্রম বিস্তারে নাটোরে আয়োজিত অনুষ্ঠানে উল্লেখিত ১৬টি জেলার জেলা প্রশাসকগণের ডিডিও কনফারেন্সে অংশগ্রহণ প্রসংগে।

প্রতিমন্ত্রী (সিটি-৪৪৪৫)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা-১২০৭

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ অর্থবছরে এ বিভাগ থেকে ডিনেট কর্তৃক শিক্ষিত নারীদের জন্য একটি সামাজিক উদ্যোক্তা মডেল (Infolady) নামীয় প্রকল্পে দেশের ১০টি জেলার ৬০টি উপজেলায় প্রচারাভিযানের জন্য ডিনেট ও আইসিটি অধিদপ্তর এর সাথে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়। "কল্যাণী" কর্মসূচীর লোগো উন্মোচন ও দেশব্যাপী ১,০০০ কল্যাণীর কার্যক্রম শুরুর লক্ষ্যে আগামী ১৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শনিবার সকাল ৯.৩০ মিনিটে নাটোর জেলা প্রশাসকের কার্যালয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রধান অতিথি হিসেবে কার্যক্রমটি উদ্বোধন করবেন। একই সাথে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় ১৬টি জেলার জেলা প্রশাসক মহোদয়গণের সাথে এ বিষয়ে ডিডিও কনফারেন্সিং এর মাধ্যমে নির্দেশনা প্রদানের সদয় সম্মতি জ্ঞাপন করেন।

০২। এমতাবস্থায়, উল্লেখিত ১৬টি জেলার (নাটোর, যশোর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, রংপুর, বগুড়া, টাঙ্গাইল, নেত্রকোণা, মৌলভীবাজার, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, মাদারীপুর, শরীয়তপুর, মানিকগঞ্জ এবং নোয়াখালী) জেলা প্রশাসক মহোদয়গণকে উক্ত ডিডিও কনফারেন্সে উপস্থিত থাকার পাশাপাশি কার্যক্রমের সফল বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(রাসেল মন্ডুর)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ০২-৮১৮১১৯৬

ই-মেইলঃ ictdivision2014@gmail.com

**বিতরণ (কার্যার্থে):**

১। জেলা প্রশাসক, নাটোর/ সিরাজগঞ্জ/ বগুড়া/ রংপুর/ ঢাকা/ গোপালগঞ্জ/ মাদারীপুর/ শরীয়তপুর/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল/ নেত্রকোণা/ মৌলভীবাজার/ কুমিল্লা/ নোয়াখালী/ কক্সবাজার ও যশোর।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য ডিনেট এর সাথে সমঝোতার অনুরোধসহ)।

২। অতিরিক্ত সচিব (আইসিটি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। ড. অনন্য রায়হান, প্রধান নির্বাহী কর্মকর্তা, ডিনেট, ৪/৮, হুমায়ুন রোড, ব্লক বি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ (এ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর মহোদয়ের সাথে সমঝোতার অনুরোধসহ)।